মেহেরপুরের কাজলা ও ছেউটিয়া নদী থেকে দুয়ারী জাল জব্দ ও ধ্বংস

মেহেরপুর সদর উপজেলার ছেউটিয়া ও কাজলা নদীতে অভিযান চালিয়ে প্রায় তিন লাখ টাকা মূল্যের আড়াই হাজার মিটার নিষিদ্ধ চায়না দুয়ারী জাল জব্দ করে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়েছে।

বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত সদর উপজেলার আমঝুপিতে সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকার নেতৃত্বে অভিযানটি পরিচালিত হয়।

জানা যায়, সরকার নিষিদ্ধ চায়না দুয়ারী জাল পেতে কিছু অসাধু ব্যক্তি মাছ শিকার করছে। এ তথ্যের ভিত্তিতে মেহেরপুর সদর উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা কামরুন্নার আখিঁর নেতৃত্বে উপজেলা মৎস্য অফিসের অন্যান্য কর্মকর্তারা অভিযান শুরু করেন। অভিযানিক দল প্রথমে সদর উপজেলার এ আর বি কলেজ সংলগ্ন ছেউটিয়া নদী থেকে অভিযান শুরু করে আমঝুপি কুঠিবাড়ি কাজলা নদী পর্যন্ত এলাকায় তল্লাশি চালায়।

অভিযানে ৫৮টি (মোট ২২শ মিটার) চায়না দুয়ারী জাল ও ২টি ভেসাল জাল উদ্ধার করা হয়, যার আনুমানিক বাজারমূল্য প্রায় ৩ লক্ষ টাকা। পরে আমঝুপি কুঠিবাড়ি সংলগ্ন ভৈরব নদীর তীরে মোবাইল কোর্টের মাধ্যমে এসব জাল আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়।
নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকার বলেন, বিলুপ্তপ্রায় দেশীয় প্রজাতির মাছ সংরক্ষণে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। কিন্তু কিছু অসাধু ব্যক্তি অবৈধ চায়না দুয়ারী জাল ব্যবহার করে এসব প্রজাতির মাছ ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছে। আইনি প্রক্রিয়ার মাধ্যমে এসব জাল ধ্বংস করা হয়েছে।

অভিযান চলাকালে জেলা মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম ও সদর উপজেলা সিনিয়র সহকারী মৎস্য কর্মকর্তা মীর জাকির হোসেনসহ মৎস্য অফিসের অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।